

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৩০

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ঋণ দেওয়া, পরিশোধ নেওয়া, পাওনাদারের পাওনা আদায়

## আরবী

عَنْ مُحَمَّدِ بْنِ جَحَشٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ سُبْحَانَ اللهِ مَاذَا أَنْزَلَ مِنَ التَّشْدِيْدِ فِي الدَّيْنِ، وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ أَنَّ رَجُلاً قُتِلَ فِي سَبِيلِ اللهِ ثُمَّ أُحْيِيَ ثُمَّ قُتِلَ مَرَّتَيْنِ وَعَلَيْهِ دَيْنُ مَا دَخَلَ الْجَنَّةَ حَتَّى يُقْضَى عَنْهُ دَيْنُهُ

## বাংলা

(২৪৩০) মুহাম্মাদ বিন জাহশ (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সুবহানাল্লাহ! ঋণের ব্যাপারে কী কঠিনতাই না অবতীর্ণ হয়েছে! সেই সত্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ আছে! যদি কোন ব্যক্তি আল্লাহর পথে জিহাদে মৃত্যুবরণ করে, অতঃপর জীবিত হয়ে পুনরায় জিহাদে মৃত্যুবরণ করে, অতঃপর আবার জীবিত হয়ে আবারও শহীদ হয়, আর সে ঋণগ্রস্ত হয় -তাহলে ঐ ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত সেজারাতে প্রবেশাধিকার লাভ করতে সক্ষম হবে না।

## ফুটনোট

(আহমাদ ২২৪৯৩, নাসাঈ ৪৬৮৪, হাকেম ২২১২, বাইহাকী ১১২৮২, সহীহুল জামে' ৩৬০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন জাহাশ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন